দৈনিক
ইনকিলাব

তারিখ 03 DEC 2006
পৃষ্ঠা ৭ কলাম 2

ড. ওসমান ফারুক শীর্ষে

# বিগত ৫ বছরে শিক্ষক নির্যাতনকারী হিসেবে চিহ্নিত হলেন যারা

স্টাফ রিপোর্টার

সাবেক শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক, প্রতিমন্ত্রী, সংসদ সদস্যসহ ২৬ জন আমলাকে শিক্ষক নির্যাতনকারী হিসেবে চিহ্নিত করে তাদের নাম প্রকাশ করা হয়েছে। গতকাল ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে অনুষ্ঠিত নির্যাতিত শিক্ষক- ২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## ড. ওসমান ফারুক শীর্ষে

*প্রথম পৃষ্ঠার পর*

শিক্ষিকাদের কনভেনশনে নির্যাতনকারীদের চিহ্নিত করে প্রথম কিস্তি প্রকাশ করা হয়। শেখ হাসিনার উপস্থিতিতে বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্যফ্রন্টের সমন্বয়কারী ও আহবায়ক কাজী ফারুক আহমেদ নির্যাতনকারীদের নাম পড়ে শোনান। নির্যাতনকারীদের মধ্যে রয়েছেন বিএনপির সাবেক ১৫ সংসদ সদস্য। এরা হলেন সালাউদ্দিন আহমেদ (ডেমরা), নাসিরউদ্দিন আহমেদ পিন্টু (লালবাগ), খন্দকার মাহবুব উদ্দিন আহমেদ (ধানমন্ডি-মোহাম্মদপুর), এস এ খালেক (মিরপুর), অধ্যাপক শহিদুল ইসলাম (কুষ্টিয়া), শাহাজান ওমর (ঝালকাঠি), শহিদুল আলম তালুকদার, মঞ্জুরুল আহসান মুন্সি (দেবীদ্বার), নাদিম মোস্তফা, মিজানুর রহমান মিনু, হেলালুজ্জামান (বগুড়া), আসাদুল হাবিব দুলু, শামসুল আলম প্রামানিক, আব্দুল গফুর ভুইয়া ও রুহুল কুদ্দুস তালুকদার। নির্যাতনকারীদের সহায়তাকারী হিসেবে চিহ্নিত করা হয় ১১ জনকে। এরা হলেন, সাবেক শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক, প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন, সাবেক সচিব শহিদুল আলম, নায়েমের সাবেক ডিজি ড. খলিলুর রহমান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি ওয়াকিল আহমেদ, মন্ত্রীপত্নী দিলারা হাফিজ, ইদ্রিস আলী, এরশাদুল বারী, খন্দকার আঃ হান্নান।